গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-১ শাখা
www.sid.gov.bd

নং-৫২.০০.০০০০.০০৫.১৯.০৮৭.২২- ৯৩২২

তারিখঃ ১৭ অগ্রহায়ণ ১৪৩২ / ০২ ডিসেম্বর ২০২৫

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর কর্মচারী বদলি/পদায়ন সংক্রান্ত অনুসরণীয় নির্দেশিকা-২০২৫

মন্ত্রিপরিষদ বিভাগের ALLOCATION OF BUSINESS AMONG THE DIFFERENT MINISTRIES AND DIVISIONS (Schedule I of the Rules of Business, 1996) [B. Statistics and Informatics Division] এর ক্রমিক নম্বর ২২ এবং ২৪ অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এ কর্মরত ক্যাডার/নন-ক্যাডার কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধি, অভিজ্ঞতা অর্জন এবং কর্মসম্পাদনে গতিশীলতা আনয়নসহ মানসম্মত জনসেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিম্নরূপ পদায়ন/বদলি সংক্রান্ত অনুসরণীয় নির্দেশিকা জারি করা হলো। কর্মচারীদের মাঠ ও কেন্দ্রীয় পর্যায়ে পদায়নের ক্ষেত্রে সাধারণভাবে এ নির্দেশিকা অনুসৃত হবে।

০২। **বদলি/পদায়নের ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো যথাযথভাবে বিবেচ্য:**

২.১ মাঠ পর্যায়ের কোন কর্মচারীকে (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) তার স্ত্রী/স্বামীর নিজ জেলায় নিয়োগ/পদায়ন করা যাবে না। ৯ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মকর্তাকে মাঠ পর্যায়ে সমগ্র চাকুরিকালে নিজ জেলায় পদায়ন করা যাবে না;

২.২ সাধারণভাবে একই কর্মস্থলে কর্মরত কর্মচারীর চাকুরির মেয়াদ এক বা একাধিক্রমে ০৩ (তিন) বছরের অধিক হবে না। কর্মচারীর আবেদনের পরিপ্রেক্ষিতে বা মন্ত্রণালয়ের প্রয়োজন অনুসারে/জনস্বার্থে দুর্গম অথবা অপ্রতুল যোগাযোগ ব্যবস্থাসম্পন্ন এলাকার ক্ষেত্রে একই কর্মস্থলে কর্মরত কর্মচারীর চাকুরির মেয়াদ ০২ (দুই) বছর সন্তোষজনকভাবে পূর্ণ হলে কর্মচারীকে অন্যত্র বদলি করা যাবে;

২.৩ বিবিএস এর সদর দপ্তরের যুগ্মপরিচালক/উপপরিচালক পদে পদায়নের জন্য মাঠ পর্যায়ে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে;

২.৪ মাঠ পর্যায়ের কর্মচারীর স্ত্রী/স্বামীর কর্মস্থলে বা যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে পদায়নের বিষয়টি অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে;

২.৫ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বদলি/পদায়ন সংক্রান্ত নীতিমালা অনুসরণ করতে হবে;

২.৬ চাকুরী স্থায়ী হবার পরে ৯ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মচারীকে বিবিএস এর সদর দপ্তরে পদায়ন করা যাবে;

২.৭ সাধারণভাবে সদর দপ্তরের একই উইং-এ কোন কর্মচারীর চাকুরির মেয়াদ ০৩ (তিন) বছরের অধিক হবে না;

২.৮ নবযোগদানকারী কর্মচারীকে (৯ম গ্রেড ও তদুর্ধ্ব) বিভাগীয় প্রশিক্ষণ গ্রহণের সুবিধার্থে এসআইডি/বিবিএস এ সংযুক্তি প্রদান/পদায়ন করতে হবে;

২.৯ কোন কর্মচারীকে নিজের অথবা স্ত্রী/স্বামী/সন্তানের দুরারোগ্য ব্যাধির সুষ্ঠু চিকিৎসার স্বার্থে মেডিক্যাল বোর্ডের সুপারিশ/যথাযোগ্য সার্টিফিকেটের পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ নির্ধারিত মেয়াদের পূর্বে নতুন কর্মস্থলে পদায়ন করতে পারবে;

২.১০ কোন কর্মচারীর চাকুরি স্থায়ী না হলে এবং চাকুরিকাল ন্যূনতম ০৩ (তিন) বছর না হলে কোন প্রকল্পে পদায়ন করা যাবে না। তবে প্রকল্প সংক্রান্ত প্রশিক্ষণ থাকলে অগ্রাধিকার দেয়া হবে;

২.১১ সাধারণভাবে পদোন্নতি/বিশেষ ক্ষেত্র ব্যতীত অবসর-উত্তর ছুটি (পিআরএল) গমনের সময় ১ (এক) বছর বা তার কম হলে কর্মচারীকে অন্যত্র বদলি করা যাবে না। তবে, কর্মচারী বদলির আবেদন করলে অবসর-উত্তর ছুটি (পিআরএল)-এর আদেশ জারির পূর্বে আবেদন অনুযায়ী যথাসম্ভব নিকটবর্তী কর্মস্থলে বদলি করা যাবে;

২.১২ মেডিক্যাল বোর্ড কর্তৃক প্রত্যায়িত বিশেষ চাহিদা সম্পন্ন/শারীরিকভাবে অক্ষম কর্মচারীর বদলির ক্ষেত্রে বদলির শর্তাবলি যথাসম্ভব শিথিল করা যাবে;

২.১৩ জেলা ও উপজেলায় পদায়ন/বদলির ক্ষেত্রে দেশের জেলাসমূহকে অবকাঠামোগত অবস্থা, শিক্ষা ব্যবস্থা ও চিকিৎসা সংক্রান্ত সুবিধাদি, রাজধানী/বিভাগ/জেলা শহর হতে দূরত্ব ইত্যাদি বিবেচনায় তিনটি শ্রেণিতে (ক,খ,গ) এবং উপজেলাসমূহকে চারটি শ্রেণিতে (ক,খ,গ, এবং ঘ) বিন্যস্ত করা হলো (পরিশিষ্ট-ক এবং খ)। কোন কর্মচারীকে জেলা/উপজেলাতে পদায়নের ক্ষেত্রে যথাসম্ভব ভারসাম্য নিশ্চিত করতে হবে;

২.১৪ যৌক্তিক কারণ ব্যতীত নির্ধারিত তারিখের মধ্যে কোন কর্মচারী তার বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে তা অসদাচরণ হিসেবে গণ্য হবে;

২.১৫ বদলির বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

০৩। **শিক্ষানবিশকাল:**

৩.১ চাকুরী স্থায়ী না হওয়া পর্যন্ত কর্মচারীকে বা নির্ধারিত শিক্ষানবিশকাল (ন্যূনতম ০২ বছর চাকুরিকাল) অতিক্রান্ত না হওয়া পর্যন্ত অন্যত্র বদলি করা যাবে না। তবে, প্রশাসনিক কারণে/জনস্বার্থে কর্মচারীকে অন্যত্র বদলি করা যাবে।

০৪। **উচ্চ শিক্ষা:**

৪.১ জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নীতিমালা অনুসরণ করতে হবে।

০৫। **লিয়েন:**

জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নীতিমালা অনুসরণ করতে হবে। লিয়েনে গমনের ক্ষেত্রে সরকার কর্তৃক প্রবর্তিত বিধি-বিধান অনুসৃত হবে এবং এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত হিসাবে গণ্য হবে।

০৬। এ নির্দেশিকা জারির পর ইতোপূর্বে জারিকৃত এ সংক্রান্ত সকল নির্দেশিকা/নীতিমালা, সংশোধনী আদেশ ও অফিস আদেশসমূহ বাতিল বলে গণ্য হবে।

০৭। জনস্বার্থে অথবা প্রশাসনিক প্রয়োজনে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এ নির্দেশিকার যেকোন পরিবর্তন, পরিমার্জন, সংযোজন বা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

০৮। জনস্বার্থে জারিকৃত এ নির্দেশিকা অবিলম্বে কার্যকর হবে।

২/১২/২৫

আলেয়া আক্তার
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ